

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(প্রশাসন অধিশাখা)

৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা -১২০৮

Email: dgdncbd@gmail.com, **website:** www.dnc.gov.bd

স্মারক নং : ৪৪.০৪.০০০০.০০.০৬.১৮.০৩৪.১৩-

তারিখ: জুন ২০১৪

অফিস আদেশ

অত্র অধিদপ্তরের ১৮/০১/১৯৯২ তারিখের স্মারক নম্বর: মানিঅ/মপ/আই-৩(২)-৭/৮৯-৯০/১৩৫৯(৫০) এর পরিপত্রমূলে অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য নির্ধারণ করা হয়েছে। উক্ত পরিপত্রে আঞ্চলিক অফিসের অতিরিক্ত পরিচালকগণের বিভিন্ন দায়িত্ব ও কর্তব্যের মধ্যে নিম্নরূপ দায়িত্ব পালনের কথা বিশেষভাবে উল্লেখ আছে।

- ০১) অধীনস্থ সকল উপ-অঞ্চল, তত্ত্বাবধায়কের অফিস এবং সার্কেল অফিস সমূহ পরিদর্শন এবং তাদের কাজকর্মের তত্ত্বাবধান করা।
- ০২) আঞ্চলিক অফিস সমূহের আওতায় অবস্থিত সকল ডিস্টিলারী, পণ্যাগার, ল্যাবরেটরী, পানশালা, দেশী/বিদেশী মদের দোকান পরিদর্শন ও তত্ত্বাবধান।

লক্ষ্য করা যাচ্ছে যে, অতিরিক্ত পরিচালকগণ তার অঞ্চলাধীন উপ-অঞ্চল অফিস, রেঞ্জ অফিস এবং সার্কেল অফিস সমূহ নিয়মিত পরিদর্শন করেননা এবং উপ-অঞ্চল সমূহের মাদক অপরাধ দমন সংক্রান্ত কার্যক্রমে নিয়মিত তদারকি করছেন না, যার দরুন প্রতিটি উপ-অঞ্চলের মাদক অপরাধ দমন কার্যক্রম প্রায় কিমিয়ে পড়েছে, যা মোটেই প্রত্যাশিত নয়। উপ-অঞ্চল সমূহের মাদক অপরাধ দমন কার্যক্রমে গতিশীলতা আনয়ন করা প্রয়োজন। এমতাবস্থায়, অতিরিক্ত পরিচালকগণ তার অঞ্চলাধীন প্রতিটি উপ-অঞ্চল, সার্কেল অফিস পরিদর্শন করবেন এবং লাইসেন্সিং কার্যক্রমসহ উপ-অঞ্চলের মাদক অপরাধদমন বিষয়ে নিয়মিত তদারকি করবেন এবং তার ফলোআপ মহাপরিচালককে অবহিত করবেন।

অতিরিক্ত পরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম অঞ্চল

স্বা/-
(মোহাম্মদ আতোয়ার রহমান)
মহাপরিচালক
ফোন নম্বর: ৮৮৭০০১১

স্মারক নং : ৪৪.০৪.০০০০.০০.০৬.১৮.০৩৪.১৩-১৯৩৯/৪(৩৯) তারিখ: ১২ জুন ২০১৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ০১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০। (সদয় অবগতির জন্য)
- ০২। পরিচালক(প্রশাসন/অপারেশন/চিপু/নিশি), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। উপ-পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, উপ-অঞ্চল।
- ০৪। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, অফিস আদেশটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করবেন।
- ০৫। গার্ড ফাইল।

(মো: আহসানুর রহমান)
উপ-পরিচালক(প্রশাসন)
ফোন নম্বর: ৮৮৭০০২০